# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে সালাত আদায় করেছিলেন, তার বিবরণ

ذِكْرُ وَصْفِ هَذِهِ الصَّلَاةِ الَّتِي كَانَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي

আরবী

2189 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ شَبِيبٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ: وَكَانَ قَدْ أَدْرَكَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى الْفَجْرَ فَجَاءَ رَجُلٌ فَصَلَّى خَلْفَهُ رَكْعَتَيِ الْفَجْرِ ثُمَّ دَخَلَ مَعَ الْقَوْمِ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ قَالَ لِلرَّجُلِ: (أَيُّهُمَا جَعَلْتَ صَلَاتَكَ: الَّتِي صليت وحدك أو التي صليت معنا؟ )

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ سَرْجِسَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2189 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2588): م.

বাংলা

২১৮৯. আব্দুল্লাহ বিন সারজিস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের সালাত আদায় করছিলেন, এমন সময় এক ব্যক্তি সালাতের ইকামত দেওয়ার পর মাসজিদে প্রবেশ করেন। অতঃপর সে ব্যক্তি দুই রাকা'আত ফজরের (সুন্নাত) সালাত আদায় করেন, তারপর কাতারে প্রবেশ করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত শেষ করে, তাকে বলেন, "তুমি কোনটিকে তোমার সালাত হিসেবে নির্ধারণ করলে; যা তুমি একাকী আদায় করেছো সেটা, নাকি যা তুমি আমাদের সাথে যেটা আদায় করেছো সেটা?"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৮৩; সহীহ মুসলিম: ৭১২; আবূ দাউদ: ১২৬৫; নাসাঈ: ২/১১৭।

আল্লামা শুআইব আল আরনাऊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91507

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন